

যে সকল কারিগরি প্রশিক্ষণ কর্মীরা শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করার কথা ভাবছেন  
 ফেব্রুয়ারী, ২০১৮ সাল  
 বিচার মন্ত্রণালয়, ইমিগ্রেশন ব্যুরো

বিচার মন্ত্রণালয়ে, এই পর্যন্ত নিয়মিতভাবে থাকা বিদেশী নাগরিকরা শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করলে, আবেদনের ৬ মাস পরে নীতিগত ভাবে কর্মসংস্থানে চাকরির জন্য অনুমতি দেয়া হত, কিন্তু, ২০১৮ সালের ১৫ ই জানুয়ারি থেকে, শরণার্থী স্বীকৃতি প্রক্রিয়ার সময়ের আবেদনকারীকে যে ভাবে বসবাসের অনুমোদন দেয়া হত, সেই প্রক্রিয়ার পদ্ধতিটি সম্পর্কে নতুনভাবে পর্যালোচনা করা হয়েছে।

বিশেষভাবে, প্রযুক্তি /কারিগরি প্রশিক্ষণরত ছাত্রদের ক্ষেত্রে, প্রশিক্ষণ স্থান থেকে নিঁখোজ হবার পরে, অথবা, প্রযুক্তিগত প্রশিক্ষণ পরিকল্পনা সমাপ্তির পরে, শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করলে, আবেদন করার ৬ মাস অতিবাহিত হবার পরেও, নীতিগতভাবে কাজ করার অনুমতি দেয়া হবে না বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**(উল্লেখ্য ১)** কারিগরি প্রশিক্ষণরত অবস্থায় থেকেও শরণার্থী স্বীকৃতির জন্য আবেদন করা সম্ভব।

**(উল্লেখ্য ২)** শরণার্থী আইনের ভিত্তিতে শরণার্থী হওয়ার সম্ভাবনা খুব বেশী হলে, অথবা, নিজ দেশের পরিস্থিতির কারণে মানবিক বিবেচনায় শরণার্থী হওয়ার উচ্চ সম্ভাবনা থাকলে, কেবলমাত্র সেই আবেদনকারীদেরকে কাজ করার অনুমতি দেয়া হবে।

যদি, প্রশিক্ষণ স্থানে কারিগরি প্রশিক্ষণ আইনের লঙ্ঘন হয়, অথবা, কারিগরি প্রশিক্ষণ চালাতে উদ্বিগ্ন হলে, বিদেশী কারিগরি প্রশিক্ষণ সংস্থায় দয়া করে পরামর্শ নেবেন।

("কারিগরি ইন্টার্ন প্রশিক্ষণ ডায়েরি "৬৪ পৃষ্ঠায় বর্ণিত)